


বিষয়: ২০২২ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজী ভাষন) বিতরণ।

সূত্র: এনসিটিবি'র স্মারক নং- ৩৭.০৬.০০০০.৪০২.২২.৩৪৭.২১/৬১৮; তারিখ: ২৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক ২০২২ সালেও ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির শিক্ষার্থীদের জন্য রুব্রিক্সসহ অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজী ভাষন) প্রণয়ন করা হয়েছে। এমতাবস্থায়, ২০২২ শিক্ষাবর্ষের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য ৪র্থ সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজী ভাষন) বিতরণ করা হলো। বিতরণকৃত অ্যাসাইনমেন্ট শিক্ষার্থীদের প্রদান ও গ্রহণের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধি-নিষেধ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ৪র্থ সপ্তাহের অ্যাসাইনমেন্ট (বাংলা ও ইংরেজী ভাষন)


(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)
 পরিচালক (মাধ্যমিক)
 ফোন: ০২-৪১০৫০২৮৫

বিতরণ:

- ১। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
- ২। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সকল
৪. জেলা প্রশাসক, সকল জেলা
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
 [অ্যাসাইনমেন্টটি মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৮. সংরক্ষণ নথি

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: গণিত

বিষয় কোড: ১০৯

শ্রেণি: দশম

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুত্রিক্স)					মন্তব্য	
				নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর					
					৪	৩	২	১	০	প্রাপ্ত নম্বর
২	শিরোনাম: অঙ্ক ও বীজগাণিতিক রাশি দশম শ্রেণির শিক্ষার্থী কেলিন চাকমা 12 এর গুণনীয়কগুলো দিয়ে একটি সেট A তৈরি করলো এবং একটি সংখ্যাকে $p(p > 1)$ ধরে নিলো, যার বর্গের সাথে 1 যোগ করলে যোগফল p এর $2\sqrt{6}$ গুন হয়।	১. সেট প্রকাশের পদ্ধতি বর্ণনা করতে পারবে। ২. অঙ্ক ও ফাংশন ব্যাখ্যা করতে ও গঠন করতে পারবে। ৩. অঙ্কের ডোমেন ও রেঞ্জ নির্ণয় করতে পারবে। ৪. বাস্তব সমস্যা সমাধানের জন্য বীজগাণিতিক সূত্র গঠন করতে পারবে এবং সূত্র প্রয়োগ করে সমস্যা সমাধান করতে পারবে।	ক. দেখাতে হবে যে, $p + \frac{1}{p} = 2\sqrt{6}$ খ. $\frac{p^6-1}{p^3}$ রাশিটির মান নির্ণয় করতে হবে। গ. প্রমাণ করতে হবে যে, $p^{10} - 922\sqrt{6}p^5 + 1 = 0$ ঘ. $R = \{(x, y) : x \in A, y \in A \text{ এবং } y = x + 1\}$ হলে R কে তালিকা পদ্ধতিতে প্রকাশ এবং ডোম R এবং রেঞ্জ R নির্ণয় করতে হবে।	ক	সমীকরণ প্রতিপাদন	—	—	প্রমাণ	সমীকরণ গঠন	
				খ	মান নির্ণয়	—	রাশিটির মান নির্ণয়	$p - \frac{1}{p}$ এর মান নির্ণয়	$(p + \frac{1}{p})^2$ এর মান নির্ণয়	
				গ	সমীকরণ প্রতিপাদন	প্রমাণ	$p^5 + \frac{1}{p^5}$ এর মান নির্ণয়	$p^3 + \frac{1}{p^3}$ এর মান নির্ণয়	$p^2 + \frac{1}{p^2}$ এর মান নির্ণয়	
				ঘ	সেট ও অঙ্কের সম্পর্ক থেকে ডোম ও রেঞ্জ নির্ণয়	অঙ্কটির ডোম ও রেঞ্জ নির্ণয়	অঙ্কটি নির্ণয়	অঙ্কের ছক গঠন	A সেট নির্ণয়	
মোট										
অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর										
১৩										
১০ নম্বরে বৃপান্তরের পর প্রাপ্ত নম্বর										

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয় কোড: ১৩৬

শ্রেণি: দশম

বিষয়: পদার্থবিজ্ঞান

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (বুঝি)					মন্তব্য		
				নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর						
				৪	৩	২	১	০	প্রাপ্ত নম্বর		
১	ভর ও শক্তির সম্পর্ক	<ul style="list-style-type: none"> ভর ও শক্তির সম্পর্ক ব্যাখ্যা করতে পারবে। শক্তির রূপান্তর ব্যাখ্যা করতে পারবে। উন্নয়ন কার্যক্রমে শক্তির কার্যকর ব্যবহার ব্যাখ্যা করতে পারবে। শক্তির কার্যকর ও নিরাপদ ব্যবহারে সচেতন হবে। অর্থনৈতিক সামাজিক ও পরিবেশগত প্রভাব বিবেচনায় শক্তির প্রধান উৎস সমূহের অবদান বিশ্লেষণ করতে পারবে। 	<p>এই অ্যাসাইনমেন্টটি প্রণয়ন করতে নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে।</p> <p>ধাপ: ১ ভর ও শক্তির সম্পর্ক উপস্থাপন করতে হবে।</p> <p>ধাপ: ২ বাংলাদেশের রূপপুরে একটি নিউক্লিয়ার বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হচ্ছে। এখানে নিউক্লিয়ার শক্তি কীভাবে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হবে তা বিক্রিয়া ও চিত্রের সাহায্যে নিজের মতো করে উপস্থাপন করতে হবে।</p> <p>ধাপ: ৩ উপরোক্ত শক্তির পরিবেশগত প্রভাব ব্যাখ্যা করতে হবে।</p>	ক	ভর ও শক্তির সম্পর্ক উপস্থাপন	--	---	ভর ও শক্তির সম্পর্ক উপস্থাপন করে ব্যাখ্যা করতে পারলে	ভর ও শক্তির সম্পর্ক উপস্থাপন করতে পারলে		
	চতুর্থ অধ্যায় কাজ, ক্ষমতা ও শক্তি			খ	নিউক্লিয়ার শক্তি কীভাবে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হবে বিক্রিয়া ও চিত্রের সাহায্যে উপস্থাপন	নিউক্লিয়ার শক্তি কীভাবে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত হবে বিক্রিয়া ও চিত্রের সাহায্যে নিজের মতো করে উপস্থাপন করে ব্যাখ্যা করতে পারলে	নিউক্লিয়ার শক্তি কীভাবে তাপ শক্তিতে রূপান্তরিত হবে তার বিক্রিয়া লিখতে ও চিত্র অঙ্কন করতে পারলে	নিউক্লিয়ার শক্তি কীভাবে তাপ শক্তিতে রূপান্তরিত হবে তার বিক্রিয়া লিখতে পারলে	নিউক্লিয়ার শক্তি কী উল্লেখ করতে পারলে		
				গ	নিউক্লিয়ার শক্তির পরিবেশগত প্রভাব	নিউক্লিয়ার শক্তির পরিবেশগত প্রভাব ব্যাখ্যা করতে পারলে	নিউক্লিয়ার শক্তি থেকে বিদ্যুৎ শক্তিতে রূপান্তরিত করার ক্ষেত্রে সমস্যা চিহ্নিত করতে পারলে	নিউক্লিয়ার শক্তির ব্যবহারে পরিবেশে প্রাপ্ত সুবিধা ও অসুবিধাগুলো উল্লেখ করতে পারলে	নিউক্লিয়ার শক্তির ব্যবহারে পরিবেশে প্রাপ্ত সুবিধাগুলো উল্লেখ করতে পারলে		
									মোট	১০	
									অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর		
									১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর		

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয় কোড : ১৪৬

শ্রেণি: দশম

বিষয়: হিসাববিজ্ঞান

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনাম)	শিখনফল/ বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (বুরিজ)					মন্তব্য		
				নির্দেশক	পারদর্শিতার মাত্রা/নম্বর						
৪	৩	২	১		০	প্রাপ্ত নম্বর					
০১ ষষ্ঠ অধ্যায়: জাবেদা	সাধারণ জাবেদা ও বিশেষ জাবেদা প্রস্তুতকরণ	<ul style="list-style-type: none"> প্রারম্ভিক লিখন হিসেবে জাবেদার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে। জাবেদার শ্রেণিবিভাগ করতে পারবে। লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা প্রদান করতে পারবে। চালানের ভিত্তিতে ক্রয় ও বিক্রয় জাবেদা, ডেবিট নোটের ভিত্তিতে ক্রয় ফেরত জাবেদা এবং ক্রেডিট নোটের ভিত্তিতে বিক্রয় ফেরত জাবেদা প্রস্তুত করতে পারবে। 	<p>অ্যাসাইনমেন্ট প্রণয়নের ক্ষেত্রে পাঠ্য বইয়ের তথ্য ও ছক অনুসরণের পাশাপাশি নিম্নের বিষয় ও সহায়ক তথ্য বিবেচনা করতে হবেঃ</p> <ul style="list-style-type: none"> জাবেদার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে হবে। <p>সহায়ক তথ্য: টাংগাইলের ডেলটা ট্রেডার্সের ২০২২ সালের জানুয়ারি মাসের কয়েকটি লেনদেন নিম্নরূপ: জানুয়ারি-১, প্রতিষ্ঠানের মালিক জনাব বাশার নগদ ১০,০০,০০০ টাকা ও ৩,০০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। জানু-৫, ধারে ১টি কম্পিউটার ক্রয় ৫০,০০০ টাকা। জানু-৮, আসবাবপত্রের অবচয় ধার্য করা হলো ১,০০০ টাকা। জানু-১৫, জনাব বাশার ব্যক্তিগত ব্যবহারের জন্য ২০,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। জানু -১৮, শাকিল শাড়ি ঘর থেকে প্রতিটি ৫,০০০ টাকা দরে ১০টি শাড়ি ক্রয়। চালান নং ২১২, কারবারি বাট্টা ৮%। পরিবহন খরচ ১,৫০০ টাকা। জানু -২০, নাবিল শাড়ি ঘর থেকে প্রতিটি ৬,০০০ টাকা দরে ১৫টি শাড়ি ক্রয়। চালান নং ৩২১, কারবারি বাট্টা ৬%। জানু -২২, আলম শাড়ি ঘর থেকে প্রতিটি ৬,৫০০ টাকা দরে ১৬টি শাড়ি ক্রয়। চালান নং ৩২৫, কারবারি বাট্টা ৪%। প্যাকিং খরচ ১,০০০ টাকা। জানু-২৫, আরিফ শাড়ি ঘর থেকে প্রতিটি ৭,০০০ টাকা দরে ১২টি শাড়ি ক্রয়। চালান নং ৩৩৬, কারবারি বাট্টা ৫%। জানু-২৮, শাড়ি ত্রুটি থাকায় নাবিল শাড়ি ঘরকে ৫টি শাড়ি ফেরত দেয়া হলো। ডেবিট নোট নং ৪০১।</p> <ul style="list-style-type: none"> ১ থেকে ১৫ তারিখের লেনদেন দ্বারা সাধারণ জাবেদা প্রণয়ন করতে হবে। ১৮ থেকে ২৫ তারিখের লেনদেন ক্রয় জাবেদায় লিপিবদ্ধ করতে হবে। ২৮ তারিখের লেনদেন দ্বারা ডেবিট নোট প্রস্তুত করতে হবে। 	ক	জাবেদার ধারণা	-	-	জাবেদার ধারণা উদাহরণসহ ব্যাখ্যা করলে	জাবেদার ধারণা উদাহরণ ছাড়া ব্যাখ্যা করলে	অপ্রাসঙ্গিক লিখলে	
				খ	জাবেদার গুরুত্ব	জাবেদার ৪টি গুরুত্ব ব্যাখ্যা করলে	জাবেদার ৩টি গুরুত্ব ব্যাখ্যা করলে	জাবেদার ২টি গুরুত্ব ব্যাখ্যা করলে	জাবেদার ১টি গুরুত্ব ব্যাখ্যা করলে	অপ্রাসঙ্গিক লিখলে	
				গ	সাধারণ জাবেদা প্রস্তুতকরণ	সহায়ক তথ্যের আলোকে ঠিকভাবে ৪টি লেনদেন জাবেদাভুক্ত করলে	সহায়ক তথ্যের আলোকে ঠিকভাবে ৩টি লেনদেন জাবেদাভুক্ত করলে	সহায়ক তথ্যের আলোকে ঠিকভাবে ২টি লেনদেন জাবেদাভুক্ত করলে	সহায়ক তথ্যের আলোকে ঠিকভাবে ১টি লেনদেন জাবেদাভুক্ত করলে	১টিও ঠিক না হলে	
				ঘ	ক্রয় জাবেদা প্রস্তুতকরণ	সহায়ক তথ্যের আলোকে ঠিকভাবে ক্রয় জাবেদা প্রস্তুত করলে	সহায়ক তথ্যের আলোকে ৩টি লেনদেন ঠিকভাবে ক্রয় জাবেদায় লিখলে	সহায়ক তথ্যের আলোকে ২টি লেনদেন ঠিকভাবে ক্রয় জাবেদায় লিখলে	সহায়ক তথ্যের আলোকে ১টি লেনদেন ঠিকভাবে ক্রয় জাবেদায় লিখলে	১টিও সঠিক না হলে	
				ঙ	ডেবিট নোট প্রস্তুতকরণ	যথাযথ ছকে ডেবিট নোট প্রস্তুত করলে	প্রস্তুতকারক, প্রাপক, বিবরণ এবং পরিমাণ এর যেকোনো একটি ভুল হলে	প্রস্তুতকারক, প্রাপক, বিবরণ এবং পরিমাণ এর যেকোনো দুইটি ভুল হলে	প্রস্তুতকারক, প্রাপক, বিবরণ এবং পরিমাণ এর যেকোনো তিনটি ভুল হলে	সম্পূর্ণ ভুল হলে	
				মোট							
অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর							১৮				
১০ নম্বরে বৃপান্তরের পর প্রাপ্ত নম্বর											

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এরকম	অগ্রগতি প্রয়োজন

২০২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

বিষয় কোড: ১৫৩

শ্রেণি: দশম

অ্যাসাইনমেন্ট নম্বর	অ্যাসাইনমেন্ট (শিরোনামসহ)	শিখনফল/বিষয়বস্তু	অ্যাসাইনমেন্ট প্রণয়নের নির্দেশনা (ধাপ/পরিধি/সংকেত)	মূল্যায়ন নির্দেশনা (রুরিক্স)					মন্তব্য	
				নির্দেশক	পারদর্শিতার মাত্রা/ নম্বর					প্রাপ্ত নম্বর
				৪	৩	২	১			
১ দশম অধ্যায়: ইংরেজ শাসন আমলে বাংলার স্বাধিকার আন্দোলন	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রাম ও বঙ্গভঙ্গ	<ul style="list-style-type: none"> ইংরেজ শাসন আমলে বাংলার স্বাধিকার ও রাজনৈতিক আন্দোলন এবং এর ফলাফল মূল্যায়ন করতে পারবে বিভিন্ন আন্দোলন সম্পর্কে জানতে আগ্রহী হবে 	<p>নিচের ধাপগুলো অনুসরণ করে অ্যাসাইনমেন্টটি তৈরি করতে হবে।</p> <ul style="list-style-type: none"> ১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের কারণ ব্যাখ্যা করতে হবে ১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের গুরুত্ব ব্যাখ্যা করতে হবে বঙ্গভঙ্গের কারণ বিশ্লেষণ করতে হবে বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া মূল্যায়ন করতে হবে 	ক	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের কারণ	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের কারণগুলো ব্যাখ্যা করলে	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের যে কোনো ৩টি কারণ ব্যাখ্যা করলে	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের যে কোনো ২টি কারণ ব্যাখ্যা করলে	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের যে কোনো ১টি কারণ ব্যাখ্যা করলে	
				খ	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের গুরুত্ব	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের গুরুত্ব ব্যাখ্যা করলে	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের গুরুত্ব অধিকাংশ ব্যাখ্যা করলে	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের গুরুত্ব আংশিকভাবে ব্যাখ্যা করলে	১৮৫৭ সালের স্বাধীনতা সংগ্রামের গুরুত্বের ব্যাখ্যা যথাযথ না হলে	
				গ	বঙ্গভঙ্গের কারণ	বঙ্গভঙ্গের কারণগুলো বিশ্লেষণ করলে	বঙ্গভঙ্গের ৩টি কারণ বিশ্লেষণ করলে	বঙ্গভঙ্গের কমপক্ষে ২টি কারণ বিশ্লেষণ করলে	বঙ্গভঙ্গের কমপক্ষে ১টি কারণ বিশ্লেষণ করলে	
				ঘ	বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া	বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া নিজের ভাষায় মূল্যায়ন করলে	বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া পাঠ্যপুস্তকের অনুরূপ মূল্যায়ন করলে	বঙ্গভঙ্গের প্রতিক্রিয়া আংশিকভাবে মূল্যায়ন করলে	বঙ্গভঙ্গের প্রতিক্রিয়ার মূল্যায়ন যথাযথ না হলে	
				মোট						
অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর								১৬		
১০ নম্বরে রূপান্তরের পর প্রাপ্ত নম্বর										

নম্বরের ব্যাপ্তি	মন্তব্য
৮-১০	অতি উত্তম
৬-৭.৯	উত্তম
৪-৫.৯	ভালো
৪ এর কম	অগ্রগতি প্রয়োজন